



সবাই মিলে শপথ করি  
করোনামুক্ত দেশ গড়ি

# উদ্ভাস

দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ খুলনা অঞ্চলের অন-লাইন সাপ্তাহিক  
(সংখ্যা # ০০৪; বর্ষ # ১৫; আগস্ট, ২০২০ খ্রী:)

THE  
HUNGER  
PROJECT

## ইউনিয়ন পরিষদের রেসন কার্ড প্রস্তুতের কাজে ইয়ুথদের সহযোগিতা

করোনার কারণে ইউনিয়ন পর্যায়ে খাদ্য বাস্কাব কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে রেসন কার্ড বিতরণের কাজ করছে। হতদরিদ্র পরিবার খাদ্যবাস্কাব কর্মসূচির আওতায় ওয়ার্ড পর্যায়ে দরিদ্র, নিম্নবিত্ত পরিবারের তালিকা করে জেলা প্রশাসনের কাছে পাঠানোর তাগিদ আসলে ওয়ার্ডের লোকদের এই তালিকা করার সিদ্ধান্ত নেয় বাগে যাত্রাপুর ইউনিয়ন পরিষদ। সেই উক্ত তালিকায় যাত্রাপুর ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে যেসকল দরিদ্র ও নিম্ন মধ্যবিত্ত পরিবার রয়েছে যারা চলতি কোনো সরকারি ভাতার সাথে অন্তর্ভুক্ত নাই তাদের নামের তালিকা ইউনিয়ন পরিষদের কর্মীদের পাশাপাশি যুবদের সহযোগিতা চাইলে একটি সিটিজেন যাত্রাপুর ইউনিটের সদস্যরা উক্ত কাজে সহযোগিতা করেছে। এসময় যুব ইউনিটের সদস্যরা অনলাইনে ভা করেছেন এবং তাদের এলাকার মধ্যে হতদরিদ্র যারা আছে তাদের জাতীয় পরিচয়পত্র এর ফটোকপি এবং মোবাইল নাম্বার সংগ্রহ এই তথ্য পৌঁছে দেওয়া হয়। সেখানে যুবরা সকলে মিলে ৯ টি ওয়ার্ড থেকে প্রায় ১০০ জন হতদরিদ্রদের বাছাই করার কাজে ইউনিয়ন পরিষদকে সহযোগিতা করেছে। এছাড়া এই তালিকা প্রনয়নের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের সকল নাম কম্পিউটারের এক্সেল সিটে জমা প্রদানের জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে বলা হলে ইউনিয়ন পরিষদ এর পক্ষ থেকে যুবদের সহযোগিতা চাওয়া হয়। ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ এই ডাটা এন্ট্রির কাজে সহযোগিতা করেন। তারা ৯ টি ওয়ার্ডের প্রায় ১৫০০ জনের নামের তালিকা লিষ্টেড করে দেন যে কারণে, মৌতলা ইউনিয়নের পরমাম্দকাটি গ্রাম করোনা মুক্ত

। ২২৫ টি পরিবারে সাবান বিতারণ করা ২ গ্রামের জনগন



যারা অন্য জেলাতে অবস্থান করছিলো তারা গ্রামে ফিরলে এবং বিদেশ ফিরতদের মৌতলা মাধ্যমিক বিদ্যালয়ে করোনা ক্ষেত্রে নিজ বাড়িতে হোম কোয়ারেন্টাইনের ব্যবস্থা করা হয় সর্বোপরি গ্রামের লোকদের মাস্ক ব্যবহার এবং হাত ধোয়ার সুফল বোঝাতে সক্ষম হয়।

প্রথম দিকে করোনা সহনশীল গ্রাম গড়তে বেশ কিছু সমস্যা সামনে আসে সেগুলো হলো, গ্রামের লোকদের সচেতনতার অভাব, কুসংস্কার ও অন্ধ বিশ্বাস, নিয়মিত হাত না ধোয়া মাস্ক পরিধানে অনিহা।

অন্ধ বিশ্বাস ও কুসংস্কার দূর করার জন্য ধর্মীয় নেতাদের দিয়ে মসজিদ এবং মন্দির গুলোতে করোনা বিষয় আলোচনা করা হয় এবং দি হাঙ্গার প্রজেক্টের লিফলেট পড়ে শুনানো হয়।

ধর্মীয় নেতাগন, জনগনকে মাস্ক পরা নিয়মিত হাত ধোয়ার সুবিধা এবং কোন তাবিজ বা কুসংস্কারে কান না দিতে নিষেধ করেন।

পরমাম্দকাটি গ্রামের সকল মানুষ নিয়মিত হাত ধোত করে, গ্রামের মানুষ মুখে মাস্ক ব্যবহার করে। গ্রামের সকল মানুষের অংশগ্রহন এবং করোনা সহনশীল গ্রাম গড়ার যে প্রচেষ্টা তার মাধ্যমে এখনো পর্যন্ত পরমাম্দকাটি গ্রাম করোনা মুক্ত।



বাংলাদেশে প্রথম যখন করোনভাইরাস শুরু হয়, তখন থেকে সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলার মৌতলা ইউনিয়নের পরমাম্দকাটি গ্রামের একদল স্বেচ্ছারতী জি, জি, এস, ইয়ুথ, নারী নেত্রী ও গ্রাম উন্নয়ন দল পরমাম্দকাটি গ্রামে যাতে করে করোনা ভাইরাসে আক্রান্ত না হয় সে বিষয় নিয়ে কাজ শুরু করেন। প্রথমে তারা গ্রামের সকল শ্রেণীর ব্যক্তিদের সাথে মতবিনিময় করেন এবং সিদ্ধান্ত গ্রহণ করেন যে পরমাম্দকাটি গ্রামকে করোনা সহনশীল গ্রাম হিসাবে গড়ে তুলতে হবে। সেক্ষেত্রে তাদের প্রথম যে কাজটি ছিলো সেটি হলো গ্রামের সকল মনুষ্যকে করোনা সহনশীল গ্রাম গড়ার ক্ষেত্রে অংশগ্রহন ও সচেতন করা, স্বেচ্ছারতীরা গ্রামে উঠান বৈঠক করেন ২৮৫ টি পরিবারের লোককে অংশগ্রহন ও সচেতন করেন। তারা পরিকল্পনা করেন এবং স্বেচ্ছারতীরা, গ্রামের ছাত্র/ ছাত্রীদের করোনা সহনশীল গ্রাম গড়তে তাদের অংশগ্রহন নিশ্চিত করে যে বাড়িতে ছাত্র/ ছাত্রী ছিলো সে বাড়িতে ছেলে ময়েদের দিয়ে বড়িতে হোম লিডার তৈরী করে দেওয়া। বাড়িতে প্রবেশ পূর্বে সাবান দিয়ে হাত ধোত করে সেটি নিশ্চিত করা। যখন লকডাউন শুরু হয়, স্বেচ্ছারতীরা নিজেরা এবং গ্রামের সচ্ছল ব্যক্তিদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে অসচ্ছল ব্যক্তিদের তালিকা তৈরী করে। ৪৩ টি অসচ্ছল পরিবারে খাদ্য সমগ্রী বিতারণ করা হয়। ২০৬ জনকে মাস্ক বিতারণ করা হয়। জীবানু নাশক দিয়ে গ্রামের গুরুত্ব পূর্ণ স্থানে স্প্রে করে জীবানু মুক্ত করা হয়। গ্রামের বিভিন্ন স্থান যেমন, গ্রাম্য দোকান, মসজিদের সামনে সাবান ও পানি রাখা হয়। যাতে করে গ্রামের মানুষ নিজেদের হাত জীবানু মুক্ত করতে পারে। ২৫০ জনকে সঠিক ভাবে হাত ধোয়ার কৌশল শেখানো হয়। সরকারি ও বেসরকারি ট্রান পেতে আরো ৪৮ পরিবারকে গ্রামের বিভিন্ন স্থান যেমন, গ্রাম্য দোকান, মসজিদের সামনে সাবান ও পানি রাখা হয়। যাতে করে গ্রামের মানুষ নিজেদের হাত জীবানু মুক্ত করতে পারে।

উপদেষ্টামন্ডলি: মাসুদুর রহমান রঞ্জু, রবিউল ইসলাম, সত্যজিৎ দেবনাথ

সম্পাদক: মো: মাহবুব হোসেন

সহযোগীতায়: দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর খুলনা অঞ্চলের কর্মীবৃন্দ

পরিতোষ টাওয়ার, ১০ শের-এ-বাংলা রোড, খুলনা।